গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

তারিখঃ ০২/০৬/২০২৬খ্রি.

স্মারক নং স্বা:অধি:/অর্থ/বাজেট/বরাদ্দ/২০২৫-২৬/৮৭৪০

# বিজ্ঞপ্তি

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অধিক্ষেত্রভূক্ত সংশ্লিষ্ট সকল স্থানীয় ক্রয়-সত্ত্বাধিকারীগণের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর পরিপত্র (স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০১.২৩-৫৬২ তারিখ ২০-০৫-২০২৬খ্রি.) নির্দেশনা মোতাবেক চলমান ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি, ব্যয় বিল দাখিল ও টেক/ইএফটি ইস্যুর সর্বশেষ তারিখ নির্ধারণ করা হয়েছে (কপি সংযুক্ত)।

উক্ত নির্দেশনার নির্ধারিত সময়সীমার মধ্যে আপনার নিয়ন্ত্রণাধীন হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানের সকল ইউটিলিটিসহ সকল বিল পরিশোধের লক্ষ্যে অর্থ অবমুক্তি, ব্যয় বিল দাখিল/ইএফটি ইস্যুকরণের প্রয়োজনীয় সকল পদক্ষেপ করে ব্যয় বিল পরিশোধ সুসম্পন্ন করবেন। এই লক্ষ্যে প্রয়োজনে অর্থনৈতিক কোড ভিত্তিক অর্থ অবমুক্তির সময়সীমা ১৫ জুন, ২০২৬খ্রি নির্ধারিত আছে বিধায় স্বাস্থ্য অধিদপ্তরের এ সংক্রান্ত সকল নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যয় বিভাজন সম্পন্ন করে (৩২ -পণ্য ও সেবার ব্যবহার, ৪১-মূলধনী ব্যয় খাতের ব্যয়সহ প্রশাসনিক ব্যয়-বিশেষ করে পেট্রোল, এ্যাম্বুলেন্স এর জ্বালানী ব্যয় ওয়েল ও লুবরিকেন্ট, বিদ্যুৎ, পানি, পৌরকর, প্রচার ইত্যাদি ব্যয়সমূহের বিপরীতে) বিল পরিশোধের লক্ষ্যে অর্থ প্রাপ্তি নিশ্চিত করবেন।

উল্লেখ্য, পরিচালন ও উন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ ২২জুন, ২০২৬খ্রি. নির্ধারিত করা হয়েছে।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

02.06.2026

ডা. শেখ ইফতেখার রহমান
পরিচালক, অর্থ শাখা
ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০
ই-মেইল: directorfinance@ld.dghs.gov.bd

বিতরণ কার্যার্থে:

১) পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
২) পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)।
৩) পরিচালক, বিশেষায়িত স্নাতকোত্তর ইনস্টিটিউট ও হাসপাতাল (সকল)
৪) পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
৫) তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক, জেনারেল হাসপাতাল/ জেলা হাসপাতাল/অন্যান্য হাসপাতাল সমূহ (সংশ্লিষ্ট সকল)।
৬) সিভিল সার্জন (সংশ্লিষ্ট সকল)। তার আওতাধীন সকল হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠান।
৭) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)। - উল্লেখ্য, স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধি/অর্থ/বাজেট/বরাদ্দেএমএসআর/২০২৫-২৬/৮৭২৪, তারিখ ৩০/০৪/২০২৬খ্রি. মোতাবেক নির্দেশনা প্রতিপালন করবেন।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৩) অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৫) পরিচালক (প্রশাসন/ হাসপাতাল ওক্লিনিক সমূহ/পিএইচসি/পরিকল্পনা ও গবেষণা, স্বাস্থ্য অধিদপ্তর।
৬) পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর- তাকে বিজ্ঞপ্তিটি ওয়্যাব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭) উপ-সচিব (বাজেট-৪), বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এবিজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৯) জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট-১ অনুবিভাগ
বাজেট-২ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০২.২০.০০১.২৩-৫৬২

তারিখ: ০৬ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২০ মে ২০২৬

## পরিপত্র

বিষয়: **চলতি ২০২৫-২৬ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তি, ব্যয় বিল দাখিল ও চেক/EFT ইস্যুর সর্বশেষ তারিখ নির্ধারণ।**

অর্থবছরের শেষদিকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত নিয়মিত বিল ও ফেরত বিলসমূহের উপর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক পূর্ব-নিরীক্ষার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনপূর্বক চেক/EFT ইস্যু এবং ইস্যুকৃত চেক/EFT যথাসময়ে নগদায়নের সুবিধার্থে অর্থবছরের শেষে ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখা প্রয়োজন। সে উদ্দেশ্যে চলতি ২০২৫-২৬ অর্থবছরের ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি ও চেক/EFT ইস্যুর ক্ষেত্রে নিম্নরূপ সময়সীমা নির্ধারণ করা হলো:

| ক্র নং | বিষয় | নির্ধারিত সময়সীমা |
|---|---|---|
| ১. | পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় অর্থ অবমুক্তির (প্রযোজ্য ক্ষেত্রে) সময়সীমা | ১৫ জুন ২০২৬ |
| ২. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে নতুন ব্যয় বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২২ জুন ২০২৬ |
| ৩. | পরিচালন ও উন্নয়ন উভয় খাতে ফেরত বিল দাখিলের সর্বশেষ তারিখ | ২৪ জুন ২০২৬ |
| ৪. | পরিচালন ও উন্নয়ন উভয় বাজেটের আওতায় বিল নিষ্পত্তি ও চেক ইস্যুর সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৫. | বাজেট বরাদ্দের আওতায় বিদেশ হতে পণ্য ইত্যাদি আমদানির ক্ষেত্রে সংশ্লিষ্ট আমদানি ও মূল্য পরিশোধের সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |
| ৬. | যেসব ক্ষেত্রে ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আমদানি ও মূল্য পরিশোধের প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না সেক্ষেত্রে অসুবিধার কারণ, চলতি অর্থবছরে স্থাপিত এলসি'র বিপরীতে আগামী অর্থবছরে পরিশোধযোগ্য অর্থের পরিমাণ প্রভৃতি বিস্তারিতভাবে উল্লেখপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণের সর্বশেষ তারিখ | ১৮ জুন ২০২৬ |
| ৭. | বাজেট বরাদ্দের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোন আমদানি এলসি স্থাপন কিংবা নিষ্পত্তির সর্বশেষ তারিখ | ২৫ জুন ২০২৬ |

২। সকল প্রকার বেতন-ভাতা সংক্রান্ত বিল এ সময়সীমার আওতামুক্ত থাকবে।

৩। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আর্থিক শৃঙ্খলা সংশ্লিষ্ট বিধায় অবশ্য পালনীয়।

20/05/2026
(মোহাম্মদ ফারুক-উজ-জামান)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোন: ০২-২২৩৩৫৬০৪৩

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
০৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
০৫. সিনিয়র সচিব/সচিব.................................................................................................... (সকল)।
০৬. হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
০৯. বিভাগীয় কমিশনার, ........................................................................................... (সকল)।
১০. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
১১. মহাপরিচালক, ...........................................................................অডিট অধিদপ্তর (সকল)।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং স্বা:অধি:/অর্থ/বাজেট/বরাদ্দ/এমএসআর- ২০২৫-২৬/৮৭২৪ তারিখঃ ৩০/০৪/২০২৬খ্রি.

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকল উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাগণের (স্থানীয় ক্রয়-সত্ত্বাধিকারী) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহ (১২৭০২১২) এবং উপজেলা স্বাস্থ্য কার্যালয়সমূহ (১২৭০২০৪) স্ব স্ব প্রতিষ্ঠানিক কোডের বিপরীতে ১ম ও ২য় কিস্তিতে বিদ্যুৎ (অর্থনৈতিক কোড- ৩২১১১১৩) খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের উপর গত ১৫-০৪-২০২৬খ্রি. পর্যন্ত সময়ের পর্যবেক্ষণ মোতাবেক নিম্নরূপ যে সমস্ত স্বাস্থ্য কমপ্লেক্স/ কার্যালয় ৭০% বা তার ততোধিক ব্যয় সম্পন্ন করেছে, সে সমস্ত হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কার্যালয়ে পরবর্তী কিস্তিতে শর্তসাপেক্ষে (১ম ও ২য় কিস্তির সমপরিমাণ অর্থ) অর্থ আইবাস সফটওয়্যারে বরাদ্দ বিতরণ প্রদান করা হলো।

(খ) যে সমস্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ উপজেলা স্বাস্থ্য কার্যালয়সমূহ ১ম ও ২য় কিস্তিতে বরাদ্দকৃত অর্থ সন্তোষজন ব্যয় নির্বাহ করতে সামর্থ্য হয়নি তাদের ক্ষেত্রে পুনঃবরাদ্দের বিষয়টি বিবেচনায় নেওয়া হয়নি বিধায় উক্ত ১ম ২য় ও ৩য় কিস্তির পর অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হলে প্রতিষ্ঠানের বিপরীতে উক্ত বরাদ্দকৃত অর্থ সন্তোষজন ব্যয় নির্বাহ করে আইবাস++ সফটওয়্যারে প্রতিফলন সাপেক্ষে আগামী ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে চাহিদা প্রেরণ করবেন।

অন্যথায় এ বিষয়ে বকেয়া তৈরি হলে এবং উক্ত বকেয়া পরিশোধের বা এ সংক্রান্ত দায় দায়িত্ব স্থানীয় কর্তৃপক্ষের উপর বর্তাবে।

শর্ত থাকে যে,

১) স্থানীয় ক্রয়-সত্ত্বাধিকারীগণ পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ সহ সকল আর্থিক বিধি/নিয়মাচার অনুসরণে উক্ত ব্যয় সম্পন্ন করবেন।
২) পরবর্তীতে উক্ত বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন আর্থিক অনিয়ম/অডিট আপত্তি হলে সংশ্লিষ্ট ক্রয়-সত্ত্বাধিকারী (ডিডিও) এর উপর বর্তাবে।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

30.04.2026

ডা. শেখ ইফতেখার রহমান
পরিচালক, অর্থ শাখা
ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০
ই-মেইল: directorfinance@ld.dghs.gov.bd

বিতরণ কার্যার্থে:

১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৩) অতিরিক্ত সচিব (বাজেট অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৫) পরিচালক (প্রশাসন/ইউএইচসি/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর।
৬) পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর- তাকে বিজ্ঞপ্তিটি ওয়্যাব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭) উপ-সচিব (বাজেট-৪), বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৮) সিভিল সার্জন (সকল)।
৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এবিজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০) জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।

CamScanner